**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিল্প মন্ত্রণালয়**
**এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা**
**৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।**
www.moind.gov.bd

# শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির মার্চ ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২২/০৩/২০২২
সময় : বেলা ১২:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৮/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | সভায় জানানো হয় যে, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে। | শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিকে শতভাগ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয় |
| ২ | সভাকে অবহিত করা হয় যে, আইএপি বাস্তবায়ন অগ্রগতি প্রতি ত্রৈমাসিকে পরিবীক্ষণ করা হয় এবং দপ্তর/সংস্থার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে মর্মে দপ্তর/সংস্থা হতে প্রতিবেদন পাওয়া গিয়েছে। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় লক্ষ্যমাত্রা অনুযায়ী আইএপি' র কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং প্রতি ত্রৈমাসিকে বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩ | সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম নীতিমালা ২০২১ অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে গঠিত কমিটি পুনর্গঠন করা যেতে পারে।<br><br>**পূর্বের গঠিত কমিটি নিম্নরুপ:**<br><br>১. অতিরিক্ত সচিব (প্রশাসন)- আহ্বায়ক<br>২. যুগ্মসচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা -সদস্য<br>৩. উপসচিব, জাস ও সমন্বয়-সদস্য<br>৪. উপসচিব, স্থানীয় প্রশিক্ষণ - সদস্য<br>৫. সিস্টেম এনালিস্ট , সদস্য<br>৬. উপসচিব, এপিএ, এনআইএস ও জিআরএস –সদস্য সচিব। | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী গঠিত কমিটি ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান যথাসময়ে বাস্তবায়ন করতে হবে এবং এ মাসেই কার্যক্রম শুরু করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয় |
| ৪ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় ও ৩য় ত্রৈমাসিকে ২টি সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত সভা ২টি বিগত ৮/১২/২০২১ ও ৮/৩/২০২২ তারিখে সম্পন্ন করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২ টি সভা বাস্তবায়িত হওয়ায় উক্ত কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা,শিল্প মন্ত্রণালয় |
| ৫ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ১০০ জন কর্মকর্তা/কর্মচারিকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ১০০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | উপসচিব (প্রশিক্ষণ), শিল্প মন্ত্রণালয় |
| ৬ | কর্ম-পরিবেশ উন্নয়নে ৩টি কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে ১ নম্বর ক্রমিকে বর্ণিত কর্মপরিবেশ উন্নয়নে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে এবং টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল, নথি, রেকর্ডপত্রসমূহ বিনষ্ট করণের কাজ এ মাসের মধ্যে সম্পন্ন করা হবে। আগামী ত্রৈমাসিকে অফিসের ভিতর ও বাহিরে ফাগার মেশিনের মাধ্যমে জীবাণু ধ্বংসকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করার লক্ষ্যমাত্রা রয়েছে। | অফিসের পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিতে অকেজো মালামালসহ বিনষ্টযোগ্য নথি ও রেকর্ডসমূহ যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে বিনষ্ট করতে হবে এবং অফিসের পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির কার্যক্রমসমূহ গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে। অকেজো মালামাল বারান্দায় ও যত্রতত্র পড়ে না থাকে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও উপসচিব (সাধারণ সেবা),শিল্প মন্ত্রণালয় |
| ৭ | সভায় জানানো হয় যে, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়িত হয়েছে এবং অগ্রগতির প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে গত ১৩/১/২২ তারিখ প্রকাশ করা হয়েছে। দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২য় ত্রৈমাসিকের পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ২৪/১০/২০২১ তারিখে ফিডব্যাক প্রদান করা হয়েছে। | শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিকের প্রতিবেদন যথাযথভাবে মন্ত্রিপরিষদ বিভাগে ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ৩য় ত্রৈমাসিকের পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক যথাসময়ে প্রদান করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা,শিল্প মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮ | মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের পিএসসি সভা ৫৭টির মধ্যে অর্ধবার্ষিক অগ্রগতির প্রতিবেদনে ২৫টি অর্জিত হয়েছে এবং পিআইসি সভা ৬টির মধ্যে ২টি অর্জিত হয়েছে। | পিএসসি ও পিআইসি সভা কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা) |
| ৯ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের যানবাহন, প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের জন্য ৩০/০৬/২০২২ তারিখে লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। উক্ত সময়ের মধ্যে সমাপ্তিকৃত প্রকল্পের সম্পদ সংস্থাপন মন্ত্রণালয়ের ৮/১/২০০৬ এবং ১১/৫/১৯৯৯ তারিখের পরিপত্র মোতাবেক হস্তান্তর করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সকল সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা) |
| ১০ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয় কর্তৃক ৫টি কার্যক্রম নেয়া হয়। তন্মধ্যে ৩টি কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বাকি দুটি কার্যক্রম ভোজ্যতেলে ভিটামিন এ সমৃদ্ধকরণ ও লবণে আয়োডিন সমৃদ্ধকরণ কার্যক্রম দু'টি প্রতি ত্রৈমাসিক সভার মাধ্যমে পরিবীক্ষণ করা হচ্ছে। | বিএসটিআই কর্তৃক ভিটামিন এ সমৃদ্ধ ভোজ্যতেল ও আয়োডিন সমৃদ্ধ লবণের কার্যক্রমটি প্রতি ত্রৈমাসিকে সভার মাধ্যেমে মনিটরিং করতে হবে। | অতিরিক্ত সচিব (জাস, সমন্বয় ও প্রওম), শিল্প মন্ত্রণালয় |
| ১১ | সভায় নৈতিকতা কমিটির গঠন ও কার্যপরিধি উপস্থাপন করা হয়। সভায় অবহিত করা হয় যে, সকল দপ্তর/সংস্থা হতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল সাফল্য ও অন্তরায় পাওয়া গিয়েছে, তবে কয়েকটি দপ্তর/সংস্থা চলমান কর্মপরিকল্পনার সাফল্য ও অন্তরায় উল্লেখ করেছেন। প্রকৃতপক্ষে দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফলে এ পর্যন্ত যে সকল সাফল্য অর্জিত হয়েছে এবং বর্তমানে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যেসকল অন্তরায় রয়েছে তা চিহ্নিতকরণ করা প্রয়োজন। | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে এ পর্যন্ত যে সকল সাফল্য অর্জিত হয়েছে এবং এক্ষেত্রে বর্তমানে যে সকল অন্তরায় রয়েছে তা উল্লেখপূর্বক প্রেরণ করবে এবং অন্তরায়সমূহ দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নৈতিকতা কমিটি, শিল্প মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা প্রধান |

০৩. অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২/০৪/২২
জাকিয়া সুলতানা
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়